



058

টিএণ্ডটি কলেজের শিক্ষকদের বক্তব্যের প্রতিবাদ

টিএণ্ডটি কলেজের কতিপয় শিক্ষকের সাংবাদিক সম্মেলনের বক্তব্যের প্রতিবাদে কলেজের অধ্যক্ষ এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষ পৃথক রিবুতিতে বলিয়াছেন, কলেজ গতনিং বডি তাহাদের বিরুদ্ধে কখনও কোন অভিযোগ আনেন নাই। দুর্নীতির অভিযোগে অভিযুক্ত হইয়া অধ্যক্ষের পদত্যাগের কোন প্রশ্নই উঠে না। তিনি বর্তমানে মেডিক্যাল ছুটিতে আছেন। অন্যদিকে অধ্যক্ষের ছুটিজনিত কারণে ভারপ্রাপ্ত অধ্যক্ষকে দায়িত্ব প্রদান করা হইলেও ব্যাংক অধরিটি প্রদান করা হয় নাই, তাই তাহার অর্থ আয়স্বতের প্রশ্নটিও অবাস্তর। প্রতিবাদলিপিতে তাহারা বলেন, গতনিং বডির সিদ্ধান্ত ছাড়া কাহাকেও কোন বাড়তি সুবিধাদানের সুযোগ নাই। সাংবাদিক সম্মেলনের গোটা বক্তব্যই কতিপয় চক্রান্তকারীর মিথ্যা, ভিত্তিহীন ও দুরভিসন্ধিমূলক প্রচারণা।